

আল-লাজনাতুশ শারইয়্যাহ লিদ-দাওয়াতি ওয়ান-নুসরাহ

اللجنة الشرعية للدعوة والنصرة

উচ্চতর ইসলামী আইন গবেষণা বিভাগ fatwaa.org

ফাতওয়া নাম্বার: ৮০

প্রকাশকাল: ২৭ ই জুলাই ,২০২০ ইংরেজি

পায়খানার রাস্তা দিয়ে গেজ বের হলে কি রোযা ভেঙ্গে যায়?

প্রশ্ন:

এক ব্যক্তির পায়খানার রাস্তা দিয়ে গেজ বের হয়, সাথে রক্তও ঝরে। এতে কি তার রোযা ভেঙ্গে যাবে?

প্রশ্নকারী - ইসমাইল

উত্তর:

রোযাদারের শরীর হতে বীর্য বের হলে কিছু শর্তসাপেক্ষে রোযা ভঙ্গ হয়। একইভাবে ইচ্ছাকৃত মুখভরে বমি করলে রোযা ভঙ্গ হয়। এছাড়া অন্য কিছু বের হওয়ার দ্বারা রোযা ভাঙ্গে না। তাই গেজ ও রক্ত বের হওয়ার দ্বারাও রোযা ভাঙ্গবে না। ইবনে আব্বাস রাযি. বলেন,

أن النبي صلى الله عليه وسلم احتجم وهو صائم

"রাসূল সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম রোযাবস্থায় শিঙ্গা লাগিয়েছেন।" –সহিহ বুখারী, ১৯৩৮

ইবনে মাসউদ ও ইবনে আব্বাস রাযি. বলেন,



আল-লাজনাতুশ শারইয়্যাহ লিদ-দাওয়াতি ওয়ান-নুসরাহ

اللجنة الشرعية للدعوة والنصرة

উচ্চতর ইসলামী আইন গবেষণা বিভাগ fatwaa.org

الفطر مما دخل، وليس مما خرج. -رواه البخاري (33/3) تعليقا عن ابن عباس، ووصله ابن أبي شيبة في المصنف (9411) ورواه الطبراني عن ابن مسعود، وقال الهيثمي في مجمع الزوائد (243/1): رجاله موثقون.

"রোযা ভঙ্গ হয় কোনো কিছু প্রবেশ করার দ্বারা, বের হওয়ার দ্বারা নয়।" -সহীহ বুখারী, ৩/৩৩ মুসান্নাফ ইবনে আবী শাইবা, ৯৪১১ মাজমাউয যাওয়ায়েদ, ১/২৪৩, আরো দেখুন ফতোয়া শামি: ২/৩৯৭, ইমদাদুল আহকাম: ৩/১২৮

واللهأعلم

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)



২৫-১১-১৪৪১ হি. ১৭-০৭-২০২০ ইং